গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬৩.২০২১- ২২৫

তাং- ০৭/৫ /১৪২৮বঙ্গাব্দ।
২২/০৪ /২০২১খ্রিষ্টাব্দ।

বিভাগীয় মামলা নং- ০২২/২০২১

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব ইসরাত জাহান (পিতা-বজলুর রহমান), সিনিয়র স্টাফ নার্স, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা (সংযুক্তিতে কুয়েত বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল, উত্তরা, ঢাকা) কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত তৎকালীন পরিচালকসহ সরকারের বিরুদ্ধে এবং সরকারের আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার বিরুদ্ধে গত ০৬/০৭/২০২০খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অডিও ফোনালাপের মাধ্যমে সহকর্মীদের সাথে বক্তব্য প্রদান করে হাসপাতালের পরিবেশ বিনষ্ট করেছেন;

২। যেহেতু, আপনা কর্তৃক সেবার মান ব্যাহত করে অশালীন/অকথ্য ভাষায় বক্তব্য প্রদান করা হয়েছে এবং যার তথ্য প্রমাণ হাসপাতাল কর্তৃপক্ষের নিকট রক্ষিক আছে মর্মে আপনা স্থানীয় কর্তৃপক্ষ জানিয়েছেন;

৩। যেহেতু, আপনাকে বাব বার মৌখিকভাবে সতর্ক/নিষেধ করা সত্ত্বেও আপনি উর্দ্ধতন কর্তৃপক্ষকে উপেক্ষা করেছেন যার ফলে হাসপাতালের নার্সিং স্টাফদের মধ্যে বিশৃংখলার সৃষ্টি হয়েছে;

৪। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ২৪/০৯/২০২০খ্রিঃ তারিখের ১৫৯ সংখ্যক স্মারকে আপনাকে কৈফিয়ত তলব করা হয়। উক্ত কৈফিয়ত তলবের আপনা কর্তৃক ০৪/১০/২০২০খ্রিঃ তারিখ দাখিলকৃত জবাব সন্তোষজনক নয়;

৫। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ১৩/১২/২০২০খ্রিঃ তারিখের ২৮৪ সংখ্যক স্মারকে নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক ০১/০২/২০২১খ্রিঃ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য মর্মে উল্লেখ করা হয়;

৬। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা,২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচারণ" এর আওতাভুকক্ত অপরাধ;

৭। সেহেতু, এক্ষণে আপনি জনাব ইসরাত জাহান (পিতা-বজলুর রহমান), সিনিয়র স্টাফ নার্স, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা (সংযুক্তিতে কুয়েত বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল, উত্তরা, ঢাকা) কে 'অসদাচরণ" এর দয়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অভিযুক্ত করা হলো এবং একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক কেন আপনাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা একই বিধিমালার আওতায় কেন অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা উক্ত বিধির ৭(১)(খ) মোতাবেক এ অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কার্মদিবসের মধ্যে আপনার লিখিত জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর একপ্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

স্বাঃ-

(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd.

**জনাব ইসরাত জাহান**
সিনিয়র স্টাফ নার্স

কর্মস্থলের ঠিকানাঃ
জনাব ইসরাত জাহান,
পিতা-বজলুর রহমান,
সিনিয়র স্টাফ নার্স,
শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
(সংযুক্তিতে কুয়েত বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল, উত্তরা, ঢাকা)।

অঃপৃঃদ্রঃ

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬৩.২০২১- ২২৫/১(১০)

তাং- ০৭/১ /১৪২৮বঙ্গাব্দ।
২২/০৪ /২০২১খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান হিসার রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৪। পরিচালক, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। পরিচালক, কুয়েত বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল, উত্তরা, ঢাকা।
৬। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৭। সেবা তত্ত্বাবধায়ক, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
৮। সেবা তত্ত্বাবধায়ক, কুয়েত বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল, উত্তরা, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০। অফিস কপি।

২২/০৪/২১

মোহাম্মদ আব্দুল হাই পিএএ
(উপসচিব)
পরিচালক(প্রশাসন, শিক্ষা ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

## অভিযোগ বিবরণী

জনাব ইসরাত জাহান (পিতা-বজলুর রহমান), সিনিয়র স্টাফ নার্স, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা (সংযুক্তিতে কুয়েত বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল, উত্তরা, ঢাকা) কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত তৎকালীন পরিচালক সহ সরকারের বিরুদ্ধে এবং সরকারের আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার বিরুদ্ধে গত ০৬/০৭/২০২০খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অডিও ফোনালাপের মাধ্যমে সহকর্মীদের সাথে বক্তব্য প্রদান করে হাসপাতালের পরিবেশ বিনষ্ট করেছেন। তার কর্তৃক সেবার মান ব্যাহত করে অশালীন/অকথ্য ভাষায় বক্তব্য প্রদান করা হয়েছে এবং যার তথ্য প্রমাণ হাসপাতাল কর্তৃপক্ষের নিকট রক্ষিক আছে মর্মে তার স্থানীয় কর্তৃপক্ষ জানিয়েছেন। তাকে বাব বার মৌখিকভাবে সতর্ক/নিষেধ করা সত্ত্বেও তিনি উর্দ্ধতন কর্তৃপক্ষকে উপেক্ষা করেছেন যার ফলে হাসপাতালের নার্সিং স্টাফদের মধ্যে বিশৃংখলার সৃষ্টি হয়েছে। তার কর্তৃক এহেন কর্মকর্তান্ড করা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণের আওতাভুক্ত অপরাধ।

২৭/০৪/২০২১

(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।